

এমনকি করোনাভাইরাস মহামারির আগেও, নিউ ইয়র্ক সিটিতে মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে বৈষম্য বিরাজমান ছিল। কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মানুষেরা সবচেয়ে বেশি মানসিক স্বাস্থ্যের চাহিদার মুখোমুখি হয়েছেন যদিও তাদের মধ্যে কম সংখ্যক লোকের সেবা প্রাপ্তির সাথে সংযোগ ঘটেছে। COVID-19 এ সকল বৈষম্য বাড়িয়ে দিচ্ছে।

## 1 নিউ ইয়র্কের কৃষ্ণাঙ্গ এবং বাদামি বর্ণের সম্প্রদায়ের মানুষেরা জানাচ্ছে যে COVID-19 সংকট তাদের মানসিক স্বাস্থ্যের উপর ব্যাপক প্রভাব ফেলছে।

- এপ্রিল 2020 এর এক পোলিংয়ের মাধ্যমে দেখা গিয়েছে যে, করোনাভাইরাসের কারণে ল্যাটিনো (24%) এবং কৃষ্ণাঙ্গ (24%) শেতঙ্গ আমেরিকানরা (17%) আমেরিকানদের চেয়ে বেশি মানসিক স্বাস্থ্যের উপর বড় পরিসরে নেতিবাচক প্রভাব ভোগ করেছে (উৎস)

## 2 COVID-19 সংক্রান্ত বর্ণবাদের এরূপ অভিজ্ঞতা মানসিক স্বাস্থ্যের চাহিদা সৃষ্টি করতে পারে।

- নিউ ইয়র্কের অধিবাসীদের উপর পরিচালিত এপ্রিল 2020 এর এক জরিপে দেখা গিয়েছে যে, 25% এশিয়ান-আমেরিকানরা করোনাভাইরাস কেন্দ্রিক বর্ণবাদ, সহিংসতা বা হয়রানির অভিজ্ঞতার কথা প্রকাশ করেছেন (উৎস)
- নিউ ইয়র্ক সিটির মধ্যে, যে সকল বয়স্করা বর্ণবাদের অভিজ্ঞতা লাভ করেছে তাদের মানসিক বিষাদ তিন গুন বেশি যা তারা “সর্বদা”, “প্রচুর” বা “কিছু” (15%) অপশনে উত্তরদানের মাধ্যমে প্রকাশ পেয়েছে, যার বিপরীতে বর্ণবাদের অভিজ্ঞতা লাভকারী ব্যক্তিদের মানসিক বিষাদের কারণ হয়েছে কিনা তা নির্বাচনে “সামান্য” বা “আদৌ না” যে সংখ্যক বেছে নিয়েছেন তা মাত্র (5%) (উৎস)

## 3 NYC এর সম্মুখের সারির কর্মীরা -- যারা উচ্চ মাত্রার মানসিক চাপ, উদ্বেগ এবং PTSD (Post-traumatic Stress Disorder, PTSD)-তে ভুগছেন বলে ভাবা হয় -- তারা নির্বিচারে বর্ণ সম্প্রদায়ের আমেরিকানদের অন্তর্ভুক্ত।

- NYC এর কম্পিউলারের অফিসের এক সাম্প্রতিক জরিপে দেখা গিয়েছে যে NYC এর 75% সম্মুখের সারির কর্মীরা বর্ণ সম্প্রদায়ের (উৎস)
- অকল্পনীয় প্রমাণ এটাকেই নির্দেশ করে যে, এই সকল প্রয়োজনীয় কর্মীরা তাদের চলমান আক্রান্তের ঘটনাকে কেন্দ্র করে তাদের মালিকের কাছ থেকে আকাশচুম্বী মাত্রার উদ্বেগ এবং হতাশার অভিজ্ঞতা লাভ করছে (উৎস; উৎস)। এমন-ছোটখাট কাজ-নির্ভর সিদ্ধান্ত নতুন করে উচ্চ মাত্রার ঝুঁকিতে পরিণত হয়েছে, আর এতে মানসিক স্বাস্থ্য সমস্যার উদ্ভব ঘটেছে, যেমন- উদ্বেগ, বিষাদ এবং PTSD (উৎস)

## 4 এই বর্ণ সম্প্রদায়ের মানুষেরা নির্বিচারে চাকুরি হারানোর অভিজ্ঞতা লাভ করছে, যেটি বিষাদ এবং হতাশার সাথে যুক্ত।

- নিউ ইয়র্কের অধিবাসীদের উপর এপ্রিল 17 এবং এপ্রিল 19, 2020 তারিখে পরিচালিত জরিপ অনুযায়ী, শ্বেতাঙ্গ আমেরিকানদের তিনভাগ (32%) চাকুরি হারানোর কথা বলেছেন, যেখানে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কারদের ক্ষেত্রে তা 35%, এশিয়ান-আমেরিকানরা নিউ ইয়র্কের অধিবাসীদের ক্ষেত্রে 40% এবং ল্যাটিনো নিউ ইয়র্কের অধিবাসীদের ক্ষেত্রে তা 44% (উৎস)
- নিউ ইয়র্কের অধিবাসীদের মধ্যে যারা উল্লেখ করেছেন যে তাদের বাড়ির কোনো সদস্য COVID-19 সংকটের কারণে গত সপ্তাহে চাকুরি হারিয়েছেন, তাদের 82% স্বল্প থেকে সকল সময়ের জন্য উদ্বিগ্ন অনুভব করেছেন; 73% একেবারে ভেঙে পড়েছেন এবং মাত্র 11% ভবিষ্যতের জন্য আশাবাদী (উৎস)

## 5 সিটির কৃষ্ণাঙ্গ এবং বাদামি সম্প্রদায়ের মানুষেরা COVID-19 এর কারণে ব্যাপকহারে জীবন হানির অভিজ্ঞতা লাভ করেছে।

- 27 এপ্রিল 2020 পর্যন্ত, কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কের অধিবাসীদের COVID সংক্রান্ত আক্রান্তের হার 100,000 ব্যক্তির মাঝে 209.4, ল্যাটিনো নিউ ইয়র্কের অধিবাসীদের ক্ষেত্রে 100,000 ব্যক্তির মাঝে 195.3 কিন্তু শ্বেতাঙ্গ নিউ ইয়র্কারদের ক্ষেত্রে তা প্রায় অর্ধেক যা 100,000-এ 107.7 (উৎস)
- COVID-কে কেন্দ্র করে যে মৃত্যুর ঘটনা, যেমন- হঠাৎ (উৎস) ICU-তে মৃত্যু, (উৎস) এবং পারিবারিক শোক (উৎস) শোককারীদেরকে দীর্ঘ স্থায়ী উচ্চ ঝুঁকিতে (উৎস) এবং/বা জটিল শোক (উৎস), যা মানসিক স্বাস্থ্যে দীর্ঘ স্থায়ী প্রভাব ফেলতে পারে